দৈনিক
জনকণ্ঠ

5 APR ২০০১
পৃঃ ২ কলাম ১

# ঢালকানগর স্কুলটি ৭২ ঘণ্টার মধ্যে পুনরুদ্ধার ও ওসিকে বরখাস্তের দাবি

**স্টাফ রিপোর্টার ॥** পুরনো ঢাকার ঢালকানগর সরকারী প্রাথমিক বিদ্যালয়টি আগামী ৭২ ঘণ্টার মধ্যে পুনরুদ্ধার, স্কুল জবরদখলকারী এ্যাডভোকেট গোলাম আরশাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ, তার ওকালতী সনদ বাতিল এবং সূত্রাপুর থানার ওসিকে বরখাস্ত করার দাবি জানিয়েছে সর্বদলীয় ঢালকানগর স্কুল পুনরুদ্ধার কমিটি। শুক্রবার ঢাকায় কমিটির এক সভায় এ আহ্বান জানানো হয়।

স্কুলটি পুনরুদ্ধারের জন্য কমিটির আহ্বায়ক মোঃ হাসান উদ্দিন মোল্লা ও স্কুল গবর্নিং বডির সভাপতি আলহাজ্ব হাশেম খান প্রমুখ সভায় বক্তৃতা করেন। তাঁরা বলেন, মানুষ যেখানে জনহিতকর কাজ হিসাবে স্কুল, কলেজ, মসজিদ ও মাদ্রাসার জন্য নিজ সম্পত্তি দান করেন, সেখানে স্কুলের ছাত্রছাত্রী, শিক্ষকদের বের করে দিয়ে স্কুল দখলের ঘটনা বাংলাদেশে (সম্ভবত) এই প্রথম। সুপ্রীমকোর্ট বার সমিতির নির্বাচনে সরকারদলীয় আইনজীবীদের পরাজয়ের জন্য স্কুল দখলকারী ব্যক্তিটির মতো ছদ্মবেশী আইনজীবীরাই অনেকাংশে দায়ী। ভবিষ্যতে যাতে কেউ এ ধরনের কর্মকাণ্ড করতে সাহস না পায়, সেজন্য অবিলম্বে তার সঠিক বিচার হওয়া প্রয়োজন। তার হীন কাজে সহযোগিতার জন্য সূত্রাপুর থানার ওসিকে অবিলম্বে বরখাস্ত করা প্রয়োজন।

উল্লেখ্য, ঢাকার মেয়র সাদেক হোসেন খোকা ঢালকানগর সরকারী প্রাথমিক বিদ্যালয়টি অবিলম্বে জবরদখলমুক্ত করার জন্য জেলা প্রশাসককে নির্দেশ দিয়েছেন।